# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ বেশভূষার আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৮। লেবাস যেন রেশমী কাপড়ের না হয়

মহানবী (ﷺ) বলেন, “সোনা ও রেশম আমার উম্মতের মহিলাদের জন্য হালাল এবং পুরুষদের জন্য হারাম করা হয়েছে।”[1] “দুনিয়ায় রেশম-বস্ত্ত তারাই পরবে, যাদের পরকালে কোন অংশ নেই।”[2]

হযরত উমার (রাঃ) বলেন, রসূল (ﷺ) রেশমের কাপড় পরতে নিষেধ করেছেন। তবে দুই, তিন অথবা চার আঙ্গুল পরিমাণ (অন্য কাপড়ের সঙ্গে জুড়ে) ব্যবহার করতে অনুমতি দিয়েছেন।[3]তদনুরূপ কোন চর্মরোগ প্রভৃতিতে উপকারী হলে তা ব্যবহারে অনুমতি আছে।[4]

## ফুটনোট

[1]. তিরমিযী, নাসাঈ, মিশকাত হা/ ৪৩৪১

[2]. বুখারী, মুসলিম, মিশকাত হা/ ৪৩২০

[3]. মুসলিম, মিশকাত হা/ ৪৩২৪

[4]. বুখারী, মুসলিম, মিশকাত হা/ ৪৩২৬

Source — https://www.hadithbd.com/books/link/?id=7012

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন